

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সুরক্ষা সেবা বিভাগ

বহিরাগমন-২ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

www.ssd.gov.bd



স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯.৪৯

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৭

২৪ মে ২০২০

বিষয়: **COVID-19 উদ্ভূত পরিস্থিতিতে সমুদ্রগামী জাহাজের পাইলট/নাবিক/ক্রুগণের ইমিগ্রেশন সংক্রান্ত।**

সূত্র: ১। স্পেশাল ব্রাঞ্চার ২৩/০৫/২০২০ তারিখের ই-মেইল বার্তা

২। স্বাস্থ্য সেবা বিভাগের পত্র ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ-১)-৪০২, তারিখ: ২৪/০৫/২০২০

৩। পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-১৯.০০.০০০০.৫৩০.৬৮.০০০.২০-৩৪৩, তারিখ: ২৪/০৫/২০২০

৪। সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯.১৭, তারিখ: ০১/০৫/২০২০

৫। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বা:অধি/রো:নি:/করোনা/২০২০/১৯৫৫, তারিখ: ৩/৬/২০২০

উপর্যুক্ত বিষয় এবং সূত্রস্থ পত্রসমূহের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, COVID-19 উদ্ভূত পরিস্থিতিতে ইমিগ্রেশন বিষয়ক সুরক্ষা সেবা বিভাগের ০১/৫/২০২০ তারিখের ৫৮.০০.০০০০.০৪০.৩২. ০০২.১৯.১৭ স্মারকোস্থিত পত্রের সমুদ্রগামী জাহাজের পাইলট/নাবিকগণের ইমিগ্রেশন সংশ্লিষ্ট ৯নং অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯নং অনুচ্ছেদ প্রতিস্থাপিত হবে :

৯। (ক) সমুদ্রগামী জাহাজের পাইলট/নাবিক/ক্রু'গণ Next available flight না পাওয়া পর্যন্ত জাহাজ থেকে সাইন অফপূর্বক এন্ট্রি ভিসা নিয়ে বাংলাদেশে প্রবেশ করতে পারবেন। সে ক্ষেত্রে তাদেরকে জাহাজের ক্যাপ্টেন/ইনচার্জ কর্তৃক প্রদত্ত COVID-19 লক্ষণমুক্ত মর্মে প্রয়োজনীয় স্বাস্থ্য সনদ/ঘোষণা পত্র (ইংরেজীতে অনুবাদকৃত কপিসহ) এন্ট্রি পোর্টের ইমিগ্রেশন কাউন্টারে প্রদর্শন করতে হবে এবং ক্রুগণ জাহাজ থেকে অবতরণ করে হোটেলে অবস্থান করতে চাইলে প্রথমে বন্দরের স্বাস্থ্য অধিদপ্তরের অধিনস্ত আই এইচ আর হেলথ ডেস্কে স্বাস্থ্য পরীক্ষা ও স্বাস্থ্য স্ক্রিনিং সম্পন্ন করতে হবে। পরীক্ষায় কোভিড-১৯ এর কোন লক্ষণ পাওয়া না গেলে ক্রুগণ ইমিগ্রেশন বিভাগ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ইমিগ্রেশন পয়েন্ট দিয়ে নির্ধারিত সময়ের জন্য এন্ট্রি ভিসা নিতে পারবেন। পরীক্ষায় যদি কোভিড-১৯ এর কোন লক্ষণ দেখা যায় সে ক্ষেত্রে সন্দেহজনক কোভিড-১৯ রোগী হিসেবে আরো পরীক্ষার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় নির্ধারিত আইসোলেশন সেন্টারে রেফার করতে হবে। হোটেলে থাকাকালীন সময়ে তাদেরকে প্রথম ১৪ দিনের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্ধারিত হোম কোয়ারেন্টাইনের নিয়মাবলী মেনে চলতে হবে।

(খ) ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশন-এর বাই- লজ অনুযায়ী ক্রুগণ কোন দেশে বিশেষ কারণে আটকা পড়লে তাদের হোটেলে অথবা অন্য কোন স্বাস্থ্য সম্মত জায়গায় থাকার ব্যবস্থা করা সেই দেশের কর্তৃপক্ষের দায়িত্ব এবং জাহাজগুলো যে রেজিস্টার্ড শিপিং এজেন্টের মাধ্যমে এই দেশে এসেছে তাদেরকেই ক্রুদের দেখভাল করার দায়িত্ব নিতে হবে। বাংলাদেশে থাকাকালীন সময়ে কোন ক্রু অসুস্থ হয়ে পড়লে ঐ শিপিং এজেন্ট অসুস্থ ক্রু'র যাবতীয় চিকিৎসা সেবার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। তাছাড়া ক্রুগণ যেই হোটেলে অবস্থান করুক না কেন ইন্টারন্যাশনাল হেলথ রেগুলেশন (আই এইচ আর ২০০৫) নিয়ম অনুযায়ী যেই পোর্ট অথবা এন্ট্রি পয়েন্ট দিয়ে তারা ভিসা নিয়েছেন সেই পোর্ট হেলথ অফিসে প্রতিদিন প্রতিটি ক্রুর হেলথ স্ট্যাটাস (Physical condition, Pulse, BP, Respiration, Temperature) সংক্রামক রোগসহ রিপোর্ট করার দায়িত্ব সংশ্লিষ্ট শিপিং লাইনস এজেন্টের। ক্রুগণ যদি ঢাকায় অবস্থান করেন তাহলে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট তাদের ঢাকা অফিসের মাধ্যমে ক্রুদের হেলথ রিপোর্ট সংগ্রহ করে নির্দিষ্ট পোর্ট হেলথ অফিসে জানাবেন।

(গ) জাহাজে সাইন অনের নিমিত্ত বাংলাদেশে আগমনের ক্ষেত্রে ভ্রমণের ৭২ ঘন্টার মধ্যে ইস্যুকৃত COVID-19 মুক্ত স্বাস্থ্য সনদ (ইংরেজীতে অনুবাদকৃত) এন্ট্রি পোর্টের ইমিগ্রেশন কাউন্টারে জমা প্রদান করতে হবে এবং দ্রুততম সময়ে জাহাজে সাইন অন করতে

হবে। পাইলট/নাবিক/ক্রুগণ সাইন অন বা অফের সময় কর্মস্থল হোটেল/রেসিডেন্স এয়ারপোর্টে যাতায়াত ব্যতীত দেশের ভিতরে অন্য কোথাও অবস্থান বা গমন করতে পারবেন না।



৮-৬-২০২০

সোনিয়া হাসান

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮ ০২-৯৫৭৪৫৩৩

ইমেইল: immi2@ssd.gov.bd

অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক  
স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯.৪৯/১(১৮)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৭  
২৪ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ঢাকা।
- ৩) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা।
- ৬) পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৯) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ১০) মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
- ১১) চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা।
- ১২) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ১৩) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ।
- ১৪) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ১৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১৬) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ১৭) একান্ত সচিব, মুখ্য সচিব এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ১৮) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।



৮-৬-২০২০

সোনিয়া হাসান

সিনিয়র সহকারী সচিব